

২০২৫

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-13

(আধুনিক বাংলা কাব্য-কবিতা)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) মাইকেল মধুসূদন দত্তের 'দশরথের প্রতি কেকয়ী' পত্রের কেকয়ী চরিত্রটি মহাকাব্যের কেকয়ী চরিত্র থেকে কতখানি আলাদা হয়ে উঠেছে পত্রটি অবলম্বনে তা আলোচনা করে দেখাও। ১০

অথবা

- (খ) মাইকেল মধুসূদন দত্তের 'বীরঙ্গনা কাব্যে' পাশ্চাত্য প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০

- ২। (ক) 'সোনার তরী' কাব্যের 'বসুন্ধরা' কবিতাটি অবলম্বনে কবির মর্ত্যপ্রীতির পরিচয় দাও। ১০

অথবা

- (খ) 'নারী' কবিতায় নর-নারীর সমানাধিকারের বিষয়ে কাজী নজরুল ইসলামের বক্তব্য নিজের ভাষায় লেখো। ১০

- ৩। (ক) কবি বিষ্ণু দে-র 'প্রচ্ছন্ন স্বদেশ' কবিতা অবলম্বনে কবির দেশচেতনার স্বরূপ উদ্ঘাটন করো। ১০

অথবা

- (খ) কবি সিংহের 'বৃক্ষ' কবিতাটি বৃক্ষ প্রতীকের অন্তরালে একটি আত্ম-উন্মোচনের কবিতা। — আলোচনা করো। ১০

- ৪। (ক) "প্রেম ভিখারিনী আমি তোমার চরণে"— কে, কাকে এ কথা বলেছেন? এ প্রসঙ্গে বক্তা তার উদ্দিষ্ট শ্রোতাকে কী কী পরামর্শ দিয়েছেন? ১+১+৩

অথবা

- (খ) "সাজিছ কি, নররাজ, যুঝিতে সদলে—/প্রবীর পুত্রের মৃত্যু প্রতিবিধিৎসিতে।" — কোন পত্রের অংশ? কীসের প্রতিবিধান? ১+৪

- ৫। (ক) 'বৈষ্ণব কবিতা'-র ভাববস্তু সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা

- (খ) "মম এক হাতে-বাঁকা বাঁশের বাঁশরী, আর হাতে রণ-তুর্য," — 'বিদ্রোহী' কবিতার পরিপ্রেক্ষিতে পংক্তিটির মর্মার্থ বুঝিয়ে দাও। ৫

Please Turn Over

(2209)

- ৬। (ক) “শ্লোক আওড়িয়ে গেছে মৈত্রেয়ী কবে;/রাজ্য জয় করে গেছে অমর আঙিলা।” — মৈত্রেয়ী এবং আঙিলার পরিচয় উল্লেখ করে পংক্তিটির মর্মার্থ বুঝিয়ে দাও। ২+৩

অথবা

- (খ) “তোমার অক্ষয় মন্ত্র”— কে, কার কাছ থেকে অক্ষয় মন্ত্র লাভ করেছেন? মন্ত্রটি কী। ১+১+৩
- ৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৫×১
- (ক) ‘দুঃস্বপ্নের প্রতি শকুন্তলা’ পত্রটির মৌলিকতা প্রতিপাদন করো।
- (খ) ‘সোনার তরী’-র ‘নিরুদ্দেশ যাত্রা’ কবিতা কী জীবনদেবতার পূর্বাভাষ? — আলোচনা করো।
- (গ) ‘বধু’ কবিতায় প্রকাশিত বধুর মর্মবেদনার কারণ বুঝিয়ে বলো।
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫
- (ক) ‘বীরাসনা কাব্যে’র প্রথম পত্রিকাটির নাম কী?
- (খ) কোন পুরাণে সোম এবং তারার উল্লেখ পাওয়া যায়?
- (গ) দ্বারকানাথ কে?
- (ঘ) জনা কীভাবে আত্মবিসর্জনের সংকল্প করেছেন?
- (ঙ) ‘সোনার তরী’ কাব্যটি কবে প্রকাশিত হয়?
- (চ) “সত্য করে কহো মোরে হে বৈষ্ণব কবি”— কোন সত্যের কথা জানতে চাওয়া হয়েছে?
- (ছ) ‘বিদ্রোহী’ কবিতায় কবি নিজেকে কার শিষ্য বলে উল্লেখ করেছেন?
- (জ) কোন দেশের পুরাণে অর্ফিয়াসের প্রসঙ্গ আছে?
- (ঝ) ‘নারী’ কবিতাটি কোন কাব্যের অন্তর্গত?
- (ঞ) ‘সোহংবাদ’ কবিতায় ‘পুষার কারা’ বলতে কবি কী বুঝিয়েছেন?
- (ট) সুভাষ মুখোপাধ্যায়ের ‘বধু’ কবিতাটির সঙ্গে রবীন্দ্রনাথের কোন কবিতার তির্যক সাদৃশ্য রয়েছে?
- (ঠ) ‘রবীন্দ্রনাথের প্রতি’ কবিতাটি বুদ্ধদেব বসুর কোন কাব্যের অন্তর্গত?
- (ড) ‘রাত্রি’ কবিতায় ‘নগরীর মহৎ রাত্রি’-কে কবি কোন দেশের জঙ্গলের সঙ্গে তুলনা করেছেন?
- (ঢ) ‘আমার নাম ভারতবর্ষ’ কবিতায় কোন দু’টি ধ্রুপদী নৃত্যশৈলীর উল্লেখ পাওয়া যায়?
- (ণ) “স্বজনহারানো শ্মশানে তোদের _____ আমি তুলবই।”— শূন্যস্থান পূর্ণ করো।